



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২০.৬৪১

তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪২৮
২৯ জুলাই, ২০২১

বিষয়: করোনা ভাইরাসের তৃতীয় পর্যায়ের বিস্তার নিয়ন্ত্রণ ও বর্তমান উর্ধ্বগতি রোধকল্পে গণসচেতনতা সৃষ্টিতে করণীয় নির্ধারণের জন্য পৌরসভার ওয়ার্ড পর্যায়ে একটি করে ওয়ার্ড কমিটি গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসের তৃতীয় পর্যায়ের বিস্তার নিয়ন্ত্রণ ও বর্তমান উর্ধ্বগতি রোধকল্পে গণসচেতনতা সৃষ্টিতে করণীয় নির্ধারণের জন্য পৌরসভার প্রতিটি ওয়ার্ডের জন্য নিম্নরূপভাবে ওয়ার্ড কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ওয়ার্ডকমিটি:

(১)	কাউন্সিলর, সংশ্লিষ্ট ওয়ার্ড	সভাপতি
(২)	প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক (সংশ্লিষ্ট ওয়ার্ড)	সদস্য
(৩)	একজন বিশিষ্ট সমাজ সেবক/স্থানীয় একজন গণ্যমান্যব্যক্তি (সংশ্লিষ্ট ওয়ার্ড)	সদস্য
(৪)	একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা (সংশ্লিষ্ট ওয়ার্ড)	সদস্য
(৫)	মাদ্রাসার একজন শিক্ষক (সংশ্লিষ্ট ওয়ার্ড)	সদস্য
(৬)	সংরক্ষিত মহিলা কাউন্সিলর	সদস্য
(৭)	পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড পর্যায়ে কর্মরত একজন এনজিও প্রতিনিধি	সদস্য
(৮)	পৌরসভার টিকাদান সুপারভাইজার/টিকাদানকারী	সদস্য
(৯)	স্বাস্থ্য সহকারী	সদস্য
(১০)	মসজিদের ইমাম	সদস্য
(১১)	হাট/বাজারের ব্যবস্থাপনা কমিটির একজন প্রতিনিধি	সদস্য
(১২)	কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার	সদস্য
(১৩)	সংশ্লিষ্ট থানার একজন পুলিশ সদস্য	সদস্য
(১৪)	আনসার/ডিডিপির একজন সদস্য	সদস্য

এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কর্ম পরিধি নিম্নরূপ:

(১)	কোভিড-১৯ সন্দেহ ব্যক্তিদের শরীরের তাপমাত্রা ও অক্সিজেন লেভেল পরীক্ষা করে প্রয়োজ্য ক্ষেত্রে উপজেলা হাসপাতালে র্যাপিড এন্টিজেন টেস্টের জন্য প্রেরণ ও সনাক্তকৃত ব্যক্তিদের আইসোলেশন বা চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের ব্যবস্থাকরণ;
(২)	কোভিড-১৯ সংক্রমিত ব্যক্তিদের আইসোলেশন, কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ এবং তাদের মাধ্যমে সেকেন্ডারি সংক্রমণ প্রতিরোধকরণ;
(৩)	সর্বস্তরের জনগণকে স্বাস্থ্য বিধি পরিপালনে ও মাস্ক ব্যবহারে উদ্বুদ্ধকরণ;
(৪)	হাট-বাজার, চায়ের দোকান বা জনসমাগম হয় এমন স্থানে ভিড় পরিহারের ব্যবস্থা গ্রহণ;
(৫)	ভ্যাকসিন গ্রহণে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধকরণ;
(৬)	বয়স্ক ব্যক্তিদের ভ্যাকসিনেশন সেন্টারে নিয়ে আসতে সহায়তা করা;
(৭)	সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন সহায়তা করা;
(৮)	স্বাস্থ্য বিধি পালন, মাস্ক ব্যবহার, ভ্যাকসিনেশন কার্যক্রম ইত্যাদি বিষয়ে এলাকার হাট-বাজারে ও অন্যান্য স্থানে মাইকিং এর ব্যবস্থা করা।

০২। সংশ্লিষ্ট পৌরসভার আওতাধীন জেলা বা উপজেলার দায়িত্বপ্রাপ্ত অফিসারগণ কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

তারিখঃ ২৯.০৭.২০২১
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব
৯৫১৪১৪২

বিতরণ (কার্যার্থে):

- ০১। জেলা প্রশাসক, সকল জেলা।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, সকল জেলা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
- ০৪। মেয়র/প্রশাসক/কাউন্সিলর, সকল পৌরসভা।



অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (ন: উ:-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি